## আজ রাজ্য জয়েন্ট

# পরীক্ষা শুরুর দেড় ঘণ্টা আগে কেন্দ্রে

আজকালের প্রতিবেদন

গত বছরের তুলনায় ২০ হাজারের কাছাকাছি পরীক্ষার্থীর সংখ্যা বাড়ল এ বছরের রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায়। আজ, রবিবার রয়েছে এই পরীক্ষা। এ বছর পরীক্ষার্থীর সংখ্যা ১ লক্ষ ২০ হাজার ৮৫৬ জন। গত বছর এই সংখ্যাটা ছিল ১ লক্ষ ১ হাজার ৬৪৩ জন। আজ, দুটি অর্ধে হবে পরীক্ষা। সকাল ১১টা থেকে ১ পর্যন্ত অঙ্ক। দুপুর ২ টো থেকে বিকেল ৪টে পর্যন্ত পদার্থবিদ্যা ও রসায়ন। বোর্ডের পক্ষ থেকে প্রতিটি পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর অন্তত দেড় ঘণ্টা আগে পরীক্ষা কেন্দ্রে পৌঁছোতে বলা হয়েছে। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনে বোর্ডের পক্ষ থেকে দুটি হেল্প ডেস্ক নম্বর চালু করা হয়েছে। নম্বর দুটি হল, ১৮০০ ১২৩ ৪৭৮২, ৯১ ০৩৩ ৭১৫৬ ৪৩৪৫। মোট ২৬৭টি কেন্দ্রে হবে পরীক্ষা। তার মধ্যে রাজ্যের পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২৬৪। ত্রিপুরায় ২টি এবং অসমে ১টি পরীক্ষা কেন্দ্র। ওএমআর শিটে পরীক্ষা হবে। এক্ষেত্রে ২-প্লাই ওএমআর শিট ব্যবহার করা হবে। যাতে দুটি কার্বনলেস কপি থাকবে। পরীক্ষার শেষে পরীক্ষার্থী একটি ওএমআর জমা দিয়ে অন্যটি বাড়ি নিয়ে যেতে পারবে। পরীক্ষা কেন্দ্রে মোবাইল নিয়ে প্রবেশ নিষিদ্ধ। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কেন্দ্র থেকে কেউ বের হতে পারবে না। কোনও ধরনের বৈদ্যুতিন সরঞ্জাম, ঘড়ি, পেন, ক্যালকুলেটর নিয়ে প্রবেশ করা যাবে না। অ্যাডমিট কার্ডের সঙ্গে স্বচ্ছ জলের বোতল নেওয়া যাবে। লেখার পেন বোর্ডের পক্ষ থেকে দেওয়া হবে। এ বছরও প্রতিটি কেন্দ্রে থাকছে হ্যান্ড মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশির ব্যবস্থা। এছাড়াও পরীক্ষার হলে কেউ মোবাইল বা বৈদ্যুতিন সরঞ্জাম নিয়ে প্রবেশ করল কিনা তা দেখতে রেডিও ফ্রিকোয়েন্সি ডিটেক্টর-সহ থাকছেন রোভিং অবজারভাররা। এঁদের সংখ্যাটা ৬০-এর ওপর। এ ছাড়াও প্রতিটি পরীক্ষা কেন্দ্রে বোর্ডের পক্ষ থেকে অবজারভার নিয়োগ করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রগুলিতে যাতে পরীক্ষা চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ থাকে, মসৃণ পরিবহণ ব্যবস্থা এবং রাজ্য জুড়ে আইনশৃঙ্খলা বজায় রাখতে বোর্ডের পক্ষ থেকে সংশ্লিষ্ট দপ্তরের সাহায্য চাওয়া হয়েছে।



সুদীপ দেব ও ড. সমুদ্র বসুর সম্পাদনায় শিশু কিশোরদের উপযোগী বার্ষিকী 'কিশোরবন্ধু'র চতুর্থ বর্ষের সংখ্যাটি বইবন্ধু পাবলিকেশন থেকে প্রকাশিত হল কলকাতার অজিত সেন প্রেক্ষাগৃহে। নানা পুরস্কার বিতরণ-সহ মনোজ্ঞ অনুষ্ঠানটিতে প্রকাশনার কর্ণধার শিবশঙ্কর চক্রবর্তী ও সুদীপ দেব ছাড়াও উপস্থিত ছিলেন ড. সমুদ্র বসু, দীপ প্রকাশনের সিইও সুকন্যা মণ্ডল, রূপক চট্টরাজ, অমিতাভ চক্রবর্তী, বাণীব্রত গোস্বামী-সহ বিশিষ্ট সাহিত্যিকগণ। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন শুদ্ধশীল ঘোষ।

# কাউন্সিলরের অস্বাভাবিক মৃত্যু

## দক্ষিণ দমদম পুরসভা

আজকালের প্রতিবেদন

দক্ষিণ দমদম পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সঞ্জয় দাসের অস্বাভাবিক মৃত্যু। শনিবার সকালে ঘর থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। তাঁকে প্রথমে স্থানীয় এক বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে পরে সাগর দত্ত হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে ডাক্তাররা মৃত ঘোষণা করেন। খবর পেয়ে সাগর দত্ত হাসপাতালে যান তৃণমূল বিধায়ক কুণাল ঘোষ। সঙ্গে ছিলেন তৃণমূলের পরিষদীয় দলনেতা, বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায়। কুণাল ঘোষের অভিযোগ, ফল প্রকাশের পর ১০ লক্ষ টাকা চাওয়া হয় সঞ্জয়ের থেকে। টাকা দিতে অস্বীকার করায় বেনামে হোর্ডিং দেওয়া হয় সঞ্জয়ের বিরুদ্ধে।

স্থানীয় সূত্রে খবর, তিনি রাজারহাট-গোপালপুরের প্রাক্তন বিধায়ক অদিতি মুনশি এবং তাঁর স্বামী তথা তৃণমূল কাউন্সিলর দেবরাজ চক্রবর্তীর ঘনিষ্ঠ ছিলেন। নির্বাচনের পরে সঞ্জয়ের বিরুদ্ধে এলাকায় কিছু পোস্টার পড়েছিল। সেখানে তাঁর উদ্দেশে বেআইনি ভাবে দখল করা জমি ফেরত দিতে বলা হয়। সে জন্য তাঁকে হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ। গত কয়েক দিন ধরে মানসিক অবসাদে ভুগছিলেন। কিন্তু কী কারণে এই মৃত্যু, তা এখনও স্পষ্ট নয়। ময়নাতদন্তের পর তদন্ত শুরু করবে পুলিশ।

# কারও রুজি-রুটিতে যেন টান না পড়ে: অগ্নিমিত্রা

আজকালের প্রতিবেদন

'জবরদখলের বিষয়টি আমাদের দেখতে হবে। পাশাপাশি যাঁরা ২০-৩০ বছর ধরে দোকান করে রয়েছেন তাঁদের যাতে অন্য জায়গা দেওয়া যায়, সেটাও দেখতে হবে। আমরা এ বিষয়ে ভাবনাচিন্তা করছি।' শনিবার পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল একথা বলেন। তিনি জানান, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী খুব স্পষ্ট নির্দেশ দিয়েছেন, যেন কারও রুজি-রুটিতে টান না পড়ে। অস্বীকার করার জায়গা নেই যে, জবরদখল হয়েছে। ফুটপাথ, পার্ক, রাস্তা, সরকারি জায়গা দখল হয়েছে। এটা নিয়ে একটা সিদ্ধান্ত নেওয়া দরকার। তবে যাঁরা বহু বছর ধরে দোকান করে রয়েছেন, তাঁদের যাতে জায়গা দেওয়া যায় সেটাও ভাবতে হবে। মুখে না বললেও, এই সরকার মানবিক। পাশাপাশি এদিন তিনি জানান, অন্নপূর্ণা ভাণ্ডারে আবেদন করার জন্য পোর্টাল এখনও চালু হয়নি। যে পোর্টালটি সমাজমাধ্যমে ঘুরছে, সেটা ভুয়ো। পোর্টাল চালু হলে অবশ্যই আনুষ্ঠানিক ভাবে জানানো হবে। যাঁরা পাচ্ছেন না তাঁরা পোর্টালে আবেদন করবেন।

## হকার উচ্ছেদের প্রতিবাদে তৃণমূলের সভা

**'পুনর্বাসন ছাড়া হকার উচ্ছেদ নয়'-এর প্রতিবাদে বিক্ষোভ দেখাল তৃণমূল কংগ্রেস। শনিবার পার্ক সার্কাসে এক সভা থেকে রাজ্যে নতুন সরকারের হকার উচ্ছেদ নীতির সমালোচনা করে তৃণমূলের পরিষদীয় দলনেতা, বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, এই সরকার আসার পরই পার্টি অফিস দখল, ভাঙচুর চালানো হচ্ছে। হকারদের অনৈতিক ভাবে উচ্ছেদ করে দেওয়া হচ্ছে। পুনর্বাসন না দিয়েই উচ্ছেদ করা হচ্ছে। এইসব অপশাসন এবং অত্যাচারের বিরুদ্ধে মমতা ব্যানার্জির নেতৃত্বে আন্দোলন শুরু হয়েছে। এই আন্দোলন চলবে।**

# মেঘলা আকাশে গুমোট চলবে কয়েক দিন

আজকালের প্রতিবেদন

মেঘলা আকাশে গুমোট পরিস্থিতি দক্ষিণবঙ্গ জুড়ে। রাতের বাড়তি তাপমাত্রায় অস্বস্তি আরও বেড়ে যাচ্ছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আরও অন্তত ৫-৬ দিন এরকমই চলবে। দিনে তো বটেই, রাতেও স্বস্তি পাওয়া যাবে না। উত্তরবঙ্গে অবশ্য আগামী কয়েক দিন ভাল বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও হতে পারে ভারী বৃষ্টিও। গত কয়েক দিনের মতো শনিবারেও দক্ষিণবঙ্গ জুড়ে সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের চেয়ে ২-৩ ডিগ্রি বেশি। পাশাপাশি রাতের আকাশ ছেয়েছে মেঘে। এর কারণে রোজই রাত হচ্ছে অস্বস্তিকর। এদিনও দক্ষিণবঙ্গের বেশির ভাগ জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮ থেকে ৩১ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে। কলাইকুন্ডায় সর্বনিম্ন তাপমাত্রা চড়ে যায় ৩০.৪ ডিগ্রি সেলসিয়াসে, মেদিনীপুরে ৩০.১, মগরায় ৩০.০, ব্যারাকপুরে ৩০.০, সাগরদ্বীপে ৩০.০, দিঘায় ৩০.০, কলকাতায় ২৯.৮, দমদমে ২৯.৮, বিধাননগরে ২৯.৬, ডায়মন্ড হারবারে ২৯.৬, উলুবেড়িয়ায় ২৯.৫, কাঁথিতে ২৯.৫, পুরুলিয়ায় ২৯.০ এবং বসিরহাটে ২৯.০। পশ্চিমের জেলাগুলিতে সর্বোচ্চ তাপমাত্রা ছিল বেশি। পুরুলিয়ায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪২.১ ডিগ্রি সেলসিয়াস, পানাগড়ে ৪০.৬, বাঁকুড়ায় ৩৮.৭, শ্রীনিকেতনে ৩৮.০।

# কুণাল দেখালেন চিঠি, মন্ত্রী বললেন, 'সরকারি তথ্য নেই'

## ২৮ মে স্বাস্থ্য সচিবের বৈঠক

আজকালের প্রতিবেদন

'ডাঃ বিধানচন্দ্র রায় শিশু হাসপাতালের রোগী কল্যাণ সমিতিতে সদস্য হিসেবে যোগদানের জন্য ওঁরা প্রথমে ফোনে জানান। তারপর হোয়াটসঅ্যাপে চিঠি পাঠান। সন্ধ্যায় চিঠির হার্ডকপি বাড়িতে পাঠান। ওঁরা না জানালে, ওঁদের মধ্যে সমন্বয় না থাকলে কী করব? এই সদস্যপদ পাওয়া, না-পাওয়া নিয়ে আমার মাথা ব্যথা নেই। দিলে কাজ করব। বাকি ওঁদের সমস্যা।' মন্ত্রী অগ্নিমিত্রা পালের বক্তব্যের পরিপ্রেক্ষিতে একথা জানালেন বিধায়ক কুণাল ঘোষ। ডাঃ বিধানচন্দ্র রায় শিশু হাসপাতালের রোগী কল্যাণ সমিতিতে সদস্য হিসেবে বিধায়কের আমন্ত্রণ পাওয়ার বিষয়ে মন্ত্রী অগ্নিমিত্রা পাল শনিবার বলেন, 'সরকারি ভাবে এই বিষয়ে আমাদের কাছে কোনও তথ্য নেই। সরকারি ভাবে আমরা কোনও মনোনীত নাম পাঠিয়েছি, তা নয়। আমরা বিষয়টা দেখছি।' এদিকে, রাজ্যের সমস্ত হাসপাতালের রোগী কল্যাণ সমিতির বিষয় নিয়ে আগামী ২৮ মে, বৃহস্পতিবার উচ্চ পর্যায়ের জরুরি বৈঠক ডেকেছেন স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব নারায়ণ স্বরূপ নিগম। বিশেষ আমন্ত্রিত সদস্য হিসেবে স্থানীয় বিধায়কদেরও ওই বৈঠকে থাকার জন্য আবেদন করা হয়েছে স্বাস্থ্য দপ্তরের তরফে। সব জেলাশাসক, সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ এবং জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের চিঠি পাঠানো হয়েছে স্বাস্থ্য দপ্তরের তরফে।

**অ্যাম্বুল্যান্সে ছাগল চুরি, পুলিশের জালে ৩:** ছাগল চুরি করে অ্যাম্বুল্যান্সে করে পালানোর সময় বিপত্তি। খোদ পুলিশের হাতে ধরা পড়ল তিন চোর। রোগী নিয়ে যাওয়ার জন্য ধনিয়াখালির বিধায়ক অসীমা পাত্র তাঁর এলাকা উন্নয়ন তহবিল থেকে অ্যাম্বুল্যান্স দিয়েছিলেন দাদপুর গ্রাম পঞ্চায়েতকে। সেই অ্যাম্বুল্যান্স নিয়ে ছাগল চুরি করতে বেরিয়ে ধরা পড়ল তিনজন। ঘটনাটি ঘটেছে শনিবার ভোররাতে দাদপুর থানার অন্তর্গত দাদপুর গ্রাম পঞ্চায়েত এলাকার সারখোলা গ্রামে।

**PRIME COMMERCIAL OPPORTUNITY IN CENTRAL KOLKATA**

A reputed corporate house invites Expressions of Interest (EOI) for the **acquisition of a premium office space** in the city's business hub.
**Location**: 11, Dr. U.N. Brahmachari Street, Kolkata- 700017
**Size**- Approx **14000 sqft**
Amenities- includes 8 dedicated parking space
**Key Highlights**- Superior road-front visibility and immense commercial potential in high-demand zone.
**Contact**- Serious and qualified buyers are invited to submit their EOI along with a corporate profile within **15 days** from the date of advertisement to
**propertykol2026@gmail.com**



খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি নিয়ে কলকাতার স্ট্রিট ফুড বিক্রেতাদের সচেতন করতে গত প্রায় ২ মাস ধরে 'পরিষ্কার হাত, পরিষ্কার পাত' শীর্ষক কর্মশালা হল। প্রথম পর্যায়ের কর্মশালা শেষ হয়েছে। কর্মশালায় অংশগ্রহণকারী খাদ্য বিক্রেতাদের শনিবার কলকাতা প্রেস ক্লাবে সংবর্ধনা দেওয়া হল। ছিলেন রেস্তোরাঁ ব্যবসায়ী শিলাদিত্য চৌধুরি, ডক্টরস চয়েসের মার্কেটিং ও স্ট্র্যাটেজি ডিরেক্টর শিভম আগরওয়াল, ডক্টরস চয়েসের চিফ বিজনেস অফিসার ধিনাল ব্রহ্মভট্ট, কে সি দাস-এর মালিক ধীমান দাস। এই কর্মশালার আয়োজন করেছিল ডক্টরস চয়েস ও ভারত চেম্বার অফ কমার্স।

**নিডো হোম ফিনান্স লিমিটেড** (nido HOME FINANCE)
(পূর্বতন এডেলওয়েইস হাউজিং ফিনান্স লিমিটেড)
রেজিস্টার্ড অফিস- টাওয়ার ৩, ৬ষ্ঠ তল, উইং বি, কোহিনূর সিটি মল, কোহিনূর সিটি, কিরোল রোড, কুরলা (পশ্চিম), মুম্বই ৪০০০৭০।
রিজিওনাল অফিস: ৩য় তল, ৩বি রাজেন্দ্র পার্ক, পুসা রোড, নিউ দিল্লী ১১০০০৫

**সারফায়েসি অ্যাক্ট ২০০২-এর রুল ৮(১) অধীনে দখল বিজ্ঞপ্তি**

যেহেতু, **নিডো হোম ফিনান্স লিমিটেড (পূর্বতন এডেলওয়েইস হাউজিং ফিনান্স লিমিটেড)** এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সেকেন্ড) অর্ডিন্যান্স, ২০০২ (অর্ডার ৩ অফ ২০০২) এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিচে উল্লেখিত ঋণগ্রহীতা/গণ এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক সহ প্রদানের মূল তারিখ পর্যন্ত যাবতীয় মাশুল, চার্জ এবং খরচ আদায় দেওয়ার জন্য আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতাগণ/ সহ ঋণগ্রহীতাগণ উক্ত দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ/ সহ ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন। বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্যে সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন অর্থাঙ্ক সহ সংশ্লিষ্ট তারিখ থেকে ভবিষ্যতের সুদ, মাশুল ও চার্জ সমেত **নিডো হোম ফিনান্স লিমিটেড (পূর্বতন এডেলওয়েইস হাউজিং ফিনান্স লিমিটেড)** এর দায় সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতাগণ, সহ ঋণগ্রহীতাগণ ও জামিনদারগণ, সুরক্ষা, বকেয়া অর্থাঙ্ক, ১৩(২) ধারায় প্রেরিত দাবি বিজ্ঞপ্তি এবং তার অধীনে দাবিকৃত অর্থাঙ্ক এবং দখলের তারিখ নিচে উল্লেখ করা হল:

**১. ঋণগ্রহীতা, সহ ঋণগ্রহীতা, জামিনদার-এর নাম ও ঠিকানা, লোন অ্যাকাউন্ট নং ও লোন অর্থাঙ্ক :-**
**১. মিলেনিয়াম ইনফোওয়ার প্রাইভেট লিমিটেড (ঋণগ্রহীতা), ২. এ পি ফ্যাশনস প্রাইভেট লিমিটেড (সহ-ঋণগ্রহীতা)**
প্রযত্নে মিলেনিয়াম ইনফোওয়ার প্রাইভেট লিমিটেড, ২২৭, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, কলকাতা-৭০০০২০
**৩. অমিত ঝুনঝুনওয়ালা (সহ-ঋণগ্রহীতা), ৪. অশোক কুমার ঝুনঝুনওয়ালা (সহ-ঋণগ্রহীতা), ৫. বীণা ঝুনঝুনওয়ালা (সহ-ঋণগ্রহীতা)**, ১৬ডি, জাজেস কোর্ট রোড, আলিপুর, কলকাতা-৭০০০২০
এলএএন নং LKOLLAP0000053986, **লোন চুক্তির তারিখ:** ৩০ জুলাই, ২০১৮
**লোন অর্থাঙ্ক :** ₹৫,৪৪,০০,০০০/- (পাঁচ কোটি চুয়াল্লিশ লক্ষ টাকা মাত্র) ও ₹৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ টাকা মাত্র) এবং ₹৫৯,৮৫,৬৩৪/- (উনষাট লক্ষ পঁচাশি হাজার ছশো চৌত্রিশ টাকা মাত্র)।
**এনপিএ-র তারিখ:** ০৪.০৯.২০২২ **দাবি বিজ্ঞপ্তির তারিখ:** ২৬.১১.২০২৪
**বকেয়া অর্থাঙ্ক :** ₹৮,৩১,০০,৪৩০/- (আট কোটি একত্রিশ লক্ষ চারশো তিরিশ টাকা মাত্র) এবং ₹৫২,৩০,০১১.৭৯/- (বাহান্ন লক্ষ তিরিশ হাজার এগারো টাকা এবং উনআশি পয়সা মাত্র) এবং ₹৭৪,৬১,৭৭৫/- (চুয়াত্তর লক্ষ একষট্টি হাজার সাতশো পঁচাত্তর টাকা মাত্র) ০৭.১০.২০২৪ তারিখ অনুসারে বকেয়া ও প্রদেয় তৎসহ ০৮.১০.২০২৪ থেকে ভবিষ্যতের সুদ।
**বাস্তবিক দখল তারিখ: ১৮.০৫.২০২৬**

**সম্পত্তির সূচি:-** নিষ্কর অফিস স্পেসের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, আনন্দলোক বিল্ডিংয়ের ফোর্থ ফ্লোরে, ২২৭, এজেসি বোস রোড, কলকাতা-৭০০০২০, কভার্ড এরিয়া ৪০৯০ বর্গফুট এবং ছটি কার পার্কিং স্পেস বর্তমানে ফ্ল্যাট নং ৪০৬ হিসাবে চিহ্নিত, ২২৭, এজেসি বোস রোড, কলকাতা-৭০০০২০।

স্থান: কলকাতা,পশ্চিমবঙ্গ
তারিখ: ২৪.০৫.২০২৬
স্বা/-অনুমোদিত আধিকারিক
নিডো হোম ফিনান্স লিমিটেড (পূর্বতন এডেলওয়েইস হাউজিং ফিনান্স লিমিটেড) এর পক্ষে

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

**বৈদ্যবাটী ব্রাঞ্চ**
**২৬৩/৬, জি টি রোড, বৈদ্যবাটী**
**জেলা-হুগলি, পশ্চিমবঙ্গ-৭১২২২২**

**পরিশিষ্ট IV-A [রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য] স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) এর প্রতি বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতা-এর কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ নিম্ন উল্লিখিত স্থাবর সম্পত্তি, ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা-এর ঋণগ্রহীতা(গণ), জামিনদার(গণ) এর থেকে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন যা **২৯.০৬.২০২৬** তারিখের সকাল **১০টা থেকে বিকাল ৪টায় 'যেখানে আছে', 'যা কিছু আছে'** এবং **'যেমন আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।

| ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম<br>খ) ব্রাঞ্চের নাম | সম্পত্তির বিবরণ | সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক | ক) সংরক্ষণ মূল্য<br>খ) ইএমডি অর্থাঙ্ক<br>গ) বিড বাড়ানোর মূল্য<br>ঘ) প্রপার্টি আইডি<br>ঙ) সম্পত্তির ওপর দায়<br>চ) দখলের প্রকৃতি |
|---|---|---|---|
| ১. **মিসেস সাথী দাস** (ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা), স্বামী শঙ্কর কুমার দাস, হোল্ডিং নং ৮৩ (৭৬/১), নিমাই তীর্থ রোড, মানিক ঘোষের বাগানের নিকটে, বৈদ্যবাটী, হুগলি-৭১২২২২<br>২. **মিঃ শঙ্কর কুমার দাস** (সহ-ঋণগ্রহীতা), হোল্ডিং নং ৮৩ (৭৬/১), নিমাই তীর্থ রোড, মানিক ঘোষের বাগানের নিকটে, বৈদ্যবাটী, হুগলি-৭১২২২২<br>ব্রাঞ্চ: বৈদ্যবাটী | ১ কাঠা জমি ও তার উপর নির্মিত দোতলা আবাসবাড়ি (গ্রাউন্ড ফ্লোর ও ফার্স্ট ফ্লোরের মোট মাপ ১০৭৮ বর্গফুট) সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, যার অবস্থান: মৌজা-বৈদ্যবাটী, জে এল নং ৫, আর এস খতিয়ান নং ১৫৩৭, এল আর খতিয়ান নং ৫৮৯৩, আর এস দাগ নং ২১৪৫, এল আর দাগ নং ২৬৪১, পোঃ-বৈদ্যবাটী, থানা-শ্রীরামপুর, বৈদ্যবাটী পুরসভার ওয়ার্ড নং ১৩, জেলা-হুগলি, পিন-৭১২২২২, হোল্ডিং নং ৮৩ (৭৬/১) (নিমাই তীর্থ রোড, মানিক ঘোষের বাগানের নিকটে), বুক নং ১, ভলিউম নং ০৬০৬-২০১৯, পৃষ্ঠা ১২৭৯৬৫ থেকে ১২৭৯৮৬-তে রেকর্ডভুক্ত, এডিএসআর শ্রীরামপুর, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার অফিসে নথিভুক্ত ২০১৯ সালের বিক্রয় দলিল নং I-৪৩৮১। | ₹২১,৩৩,৭৩৮/- (একুশ লক্ষ তেত্রিশ হাজার সাতশো আটত্রিশ টাকা মাত্র), ০৮.১২.২০২৫ অনুযায়ী এবং পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ এবং অন্যান্য চার্জ | ক) ₹২৪,২৫,০০০/- (চব্বিশ লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র)<br>খ) ₹২,৪২,৫০০/- (দুই লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশো টাকা মাত্র) ২৯.০৬.২০২৬ তারিখের বিকাল ৪টার মধ্যে জমা করতে হবে<br>গ) ₹২০,০০০/- (কুড়ি হাজার টাকা মাত্র)<br>ঘ) **IDIB50503213085**<br>ঙ) অনুমোদিত আধিকারিকের সর্বশেষ জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির উপর কোনও দায় নেই।<br>চ) প্রতীকী দখল |

**ই-নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৯.০৬.২০২৬; সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টা**
**ই-নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com**

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ-এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ-এর ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই-মেল: support.baanknet@psballiance.com)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক support.baanknet@psballiance.com মেল আইডি-তে যোগাযোগ করবেন। সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
**https://baanknet.com** ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় **বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।**

**যোগাযোগের ব্যক্তি: অনুমোদিত আধিকারিক: রণধীর কুমার, মোবাইল: ৭২৭৭০৬৪০০০; ব্রাঞ্চ ম্যানেজার: শুভজিৎ গাঙ্গুলি, মোবাইল: ৯০৩৮৫৮৯৮২২**

**দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)-এর প্রতিও এটি একটি নোটিস**

তারিখ: ২২.০৫.২০২৬
স্থান: বৈদ্যবাটী
স্বা/-
অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক

Chola Enter a better life

**চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**
কর্পোরেট অফিস:
'চোলা ক্রেস্ট', সি৫৪ এবং ৫৫, সুপার বি-৪, থিরু ভি ক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই-৬০০০৩২, ভারত
রিজিওনাল অফিস: ৫৫ এবং ৫৫/১, চৌরঙ্গি রোড, ৪ নং ফ্লোর, চৌরঙ্গি কোর্ট,
রবীন্দ্র সদনে নেহরু চিলড্রেনস মিউজিয়ামের বিপরীতে, কলকাতা-৭০০০৭১, পশ্চিমবঙ্গ

**ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল (রুল ৮ ও ৯), রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ বন্ধকদাতার প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি **চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড** (এখানে এর পরে **'চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড'** হিসেবে উল্লিখিত)-এর অনুমোদিত আধিকারিক প্রতীকী দখল নিয়েছেন। এই সুরক্ষিত পরিসম্পদগুলি ই-নিলামের মাধ্যমে **২৬.০৬.২০২৬** তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' ও 'যেভাবে আছে'** ভিত্তিতে নিলাম করা হবে।
এতদ্দ্বারা জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, https://bankauctions.in/ এবং **https://cholamandalam.com/news/auction-notices** ওয়েবসাইটের মাধ্যমে আমরা প্রকাশ্য ই-নিলাম আয়োজন করতে চলেছি।

| ক্রম নং | অ্যাকাউন্ট নং এবং ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ বন্ধকদাতার নাম | ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ ও দাবিকৃত অর্থাঙ্ক | সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি) | ক) সংরক্ষণ মূল্য (আরপি)<br>খ) বায়না জমা (ইএমডি)<br>গ) বিড বাড়ানোর মূল্য | ক) ই-নিলামের তারিখ ও সময়<br>খ) ইএমডি জমার শেষ তারিখ<br>গ) পরিদর্শনের তারিখ<br>ঘ) দখলের তারিখ (দখলের প্রকৃতি) |
|---|---|---|---|---|---|
| ১. | **লোন অ্যাকাউন্ট নম্বর: HE01HUA00000108098**<br>**ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা:**<br>**১. জ্ঞান মোহন মণ্ডল (আবেদনকারী)**<br>প্রাইমারি স্কুল ২ নং মাঘপালা, পোঃঅঃ- মাঘপালা, জেলা- কোচবিহার, পশ্চিমবঙ্গ-৭৩৬১৫৭<br>**২. রিয়া বিশ্বাস মণ্ডল (সহ-আবেদনকারী)**<br>প্রাইমারি স্কুল ২ নং মাঘপালা, পোঃঅঃ- মাঘপালা, জেলা- কোচবিহার, পশ্চিমবঙ্গ-৭৩৬১৫৭<br>**৩. মেসার্স বন্ধু গ্রুপ (সহ-আবেদনকারী)**<br>গ্রাম- ২ নং মাঘপালা পাড়া, থানা- শীতলকুচি, পোঃঅঃ- মাঘপালা, জেলা- কোচবিহার, পশ্চিমবঙ্গ-৭৩৬১৫৭ | ১১.০২.২০২৬<br>₹৫১,৯৭,৮৭১.০০ ১১.০২.২০২৬ তারিখ অনুসারে | সামান্য কমবেশি ৯ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: অংশ বিশেষে আর এস প্লট নং ৩২৮, এল আর প্লট নং ৮২২, খতিয়ান নং ১৭ (পুরনো), এল আর খতিয়ান নং ৬৭৫, মৌজা- পেটভাটা মাগপালা, জে এল নং ১৬৮, থাক নং ৮০৯, ফালিমারি গ্রাম পঞ্চায়েত, থানা- কোতোয়ালি, জেলা- কোচবিহার। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- ১০ ফুট চওড়া কাঁচা রাস্তা; দক্ষিণ- গৌতম নারায়ণের জমি; পূর্ব- শ্রী ভোলানাথ সরকারের (বিক্রেতা) জমি; পশ্চিম- শ্রী ভোলানাথ সরকারের (বিক্রেতা) জমি। | ক) ₹৬৭,০০,০০০.০০<br>খ) ₹৬,৭০,০০০.০০<br>গ) ₹৫০,০০০.০০ | ক) ২৬.০৬.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৫.০৬.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ১৮.০৬.২০২৬ এবং ১৯.০৬.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ০৮.০৫.২০২৬ (প্রতীকী দখল) |
| ২. | **লোন অ্যাকাউন্ট নম্বর: ML01ASA00000022943 এবং ML01ASA00000017007**<br>**ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা:**<br>**১. নারায়ণ সাহা (আবেদনকারী)**<br>সুভাষনগর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০১২১<br>**২. সুদীপ সাহা (সহ-আবেদনকারী)**<br>সুভাষনগর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০১২১<br>**৩. মেসার্স সাহা এন্টারপ্রাইজ (সহ-আবেদনকারী)**<br>সুভাষনগর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০১২১<br>**৪. সুমিতা সাহা (সহ-আবেদনকারী)**<br>সুভাষনগর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০১২১ | ১১.০২.২০২৬<br>₹২০,৭০,৩৯৪.০০ ১১.০২.২০২৬ তারিখ অনুসারে | উপরিস্থিত দোতলা বাড়ি (গ্রাউন্ড ফ্লোরের পরিমাপ ৯০৩ বর্গফুট ও ফার্স্ট ফ্লোর ৪০৩ বর্গফুট) সমেত সামান্য কমবেশি ১ কাঠা ১৫ ছটাক (এল আর দাগ নং ৯, খতিয়ান নং ৪৬৫ সংবলিত ১ কাঠা এবং এল আর দাগ নং ১১, খতিয়ান নং ৪৬৫ সংবলিত ১৫ ছটাক)বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- ফতেবাদ, সুভাষনগর, ব্লক 'এফ', জে এল নং ১৪, এলওপি নং ৪৬৫, তৌজি নং ১৪৬, সি এস ও আর এস প্লট নং ৯ (অংশ) ও ১১ (অংশ), হোল্ডিং নং ৫৬৩৯, ইছাপুর নীলগঞ্জ গ্রাম পঞ্চায়েত, থানা- দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা-৭০০১২১, তৎসহ ফিটিংস ও ফিক্সচারস, ইলেকট্রিক্যাল ইনস্টলেশন সমেত যাবতীয় এজমালি অধিকার এবং সাধারণ চলাচলের পরিসর ও প্রেমিসেসে আসা-যাওয়ার জন্য ফাঁকা পরিসর ব্যবহারের সমানাধিকার। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- শিবু রায়ের বাড়ি; দক্ষিণ- দীপঙ্কর সাহার বাড়ি; পূর্ব- ১০ ফুট চওড়া রাস্তা; পশ্চিম- নারায়ণ সরকারের বাড়ি। | ক) ₹২১,০০,০০০.০০<br>খ) ₹২,১০,০০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ক) ২৬.০৬.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৫.০৬.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ১৮.০৬.২০২৬ এবং ১৯.০৬.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ০৬.০৫.২০২৬ (প্রতীকী দখল) |
| ৩. | **লোন অ্যাকাউন্ট নম্বর: ML01ASA00000085155**<br>**ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা:**<br>**১. রোজিনা খাতুন (আবেদনকারী)**<br>পাতিলাচন্দ্র, পশ্চিম মধ্যমপুর, থানা- বসিরহাট, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৯<br>**২. মেসার্স আফিয়া স্টোর্স (সহ-আবেদনকারী)**<br>গ্রাম- দক্ষিণ গুলাইচণ্ডী, থানা- বসিরহাট, পোঃঅঃ- টাকি, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৯<br>**৩. মহিউদ্দিন মণ্ডল (সহ-আবেদনকারী)**<br>পাতিলাচন্দ্র, পশ্চিম মধ্যমপুর, থানা- বসিরহাট, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৯ | ১১.০২.২০২৬<br>₹২০,৫৩,৬৮২.০০ ১১.০২.২০২৬ তারিখ অনুসারে | সামান্য কমবেশি ৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- পাতিলাচন্দ্র, আর এস ও এল আর দাগ নং ২০৭, জে এল নং ১৩৩, খতিয়ান নং ১৪৩৬ (পুরনো), খতিয়ান নং ২০৬৯, থানা- বসিরহাট, নিমদরিয়া কোদালিয়া গ্রাম পঞ্চায়েত, এডিএসআর- বসিরহাট, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন-৭৪৩৪২৯। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- নারাণ ঘোষ ও অন্যরা; দক্ষিণ- ৫ ফুট চওড়া সাধারণের চলাচলের রাস্তা; পূর্ব- রুহুল আমিন মণ্ডল; পশ্চিম- বাহাউদ্দিন মণ্ডল। | ক) ₹২৯,০০,০০০.০০<br>খ) ₹২,৯০,০০০.০০<br>গ) ₹২৫,০০০.০০ | ক) ২৬.০৬.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৫.০৬.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ১৮.০৬.২০২৬ এবং ১৯.০৬.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ০৫.০৫.২০২৬ (প্রতীকী দখল) |
| ৪. | **লোন অ্যাকাউন্ট নম্বর: ML01JDK00000075312**<br>**ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা:**<br>**১. চিন্ময়ী সিং (আবেদনকারী)**<br>বাংলোপাড়া, আমতা, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭১১৪০১<br>**২. নীলকর সিং (সহ-আবেদনকারী)**<br>গ্রাম-আমতা, থানা-আমতা, পাড়া আমতা বান্দারপাড়া, পোঃ-আমতা, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭১১৪০১<br>**৩. মেসার্স সিং ফার্নিচার (সহ-আবেদনকারী)**<br>গ্রাম-আমতা, থানা-আমতা, পাড়া আমতা বান্দারপাড়া, পোঃ-আমতা, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭১১৪০১<br>**৪. মেসার্স সিং শ মিল (সহ-আবেদনকারী)**<br>গ্রাম-আমতা, থানা-আমতা, পাড়া আমতা বান্দারপাড়া, পোঃ-আমতা, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭১১৪০১ | ১১.০২.২০২৬<br>₹৩৩,৬৮,২৩৬.০০ ১১.০২.২০২৬ তারিখ অনুসারে | কাঠামো সহ কমবেশি ১০ ডেসিমেল জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, আবাসিক তথা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত, মৌজা-আমতা, দাগ নং ৬০ (আরএস) এবং ৯৫ (এলআর), এল আর খতিয়ান ৭৯১১, থানা আমতা, জেলা-হাওড়া, পিন-৭১১৪০১। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- দিলীপ পাত্রর গোডাউন; দক্ষিণ- দোকানঘর; পূর্ব- রাস্তা; পশ্চিম- ড্রেন। | ক) ₹৯০,০০,০০০.০০<br>খ) ₹৯,০০,০০০.০০<br>গ) ₹৫০,০০০.০০ | ক) ২৬.০৬.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৫.০৬.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ১৮.০৬.২০২৬ এবং ১৯.০৬.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ২৫.০৪.২০২৬ (প্রতীকী দখল) |
| ৫. | **লোন অ্যাকাউন্ট নম্বর: ML01KSN00000068791**<br>**ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা:**<br>**১. মণীন্দ্র কুণ্ডু (আবেদনকারী)**<br>মেলের মাঠ, বাঁকদেবীপুর পি নদিয়া, শান্তিপুর, নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন-৭৪১৪০৪<br>**২. সুমতি বসাক (সহ-আবেদনকারী)**<br>রানাঘাট, বেড়া কামগাছি, নদিয়া, রানাঘাট, নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন-৭৪১২০১। বিকল্প ঠিকানা: মেলের মাঠ, বাঁকদেবীপুর, পি নদিয়া, শান্তিপুর, নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন-৭৪১৪০৪<br>**৩. সুজন কুণ্ডু (সহ-আবেদনকারী)**<br>মেলের মাঠ, বাঁকদেবীপুর, পি নদিয়া, শান্তিপুর, নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন-৭৪১৪০৪<br>**৪. মেসার্স কুণ্ডু টেক্সটাইল (সহ-আবেদনকারী)**<br>গ্রাম-হরিপুর, থানা-শান্তিপুর, পাড়া মেলেরমাঠ, পোঃ শান্তিপুর, নদিয়া, পশ্চিমবঙ্গ, পিন-৭৪১৪০৪ | ১১.০২.২০২৬<br>₹২০,৬৪,৯৩৬.০০ ১১.০২.২০২৬ তারিখ অনুসারে | কাঠামো সহ ৫ ডেসিমেল (২১৭৮ বর্গফুট) জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা- বাগদেবীপুর, আর এস এবং এল আর দাগ নং ২৫১, এল আর খতিয়ান নং ৬৪১ এবং ৩৯৮, সংযুক্ত ১৪৫৫ এবং ১৪৫৬, জে এল নং ২৬, থানা শান্তিপুর, জেলা নদিয়া, পিন-৭৪১৪০৪। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- শম্ভু সরকারের সম্পত্তি ও ৬ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ- নিমাই বিশ্বাসের সম্পত্তি; পূর্ব- নিতাই বিশ্বাসের সম্পত্তি; পশ্চিম- পঞ্চায়েত রাস্তা। | ক) ₹২০,৫০,০০০.০০<br>খ) ₹২,০৫,০০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ক) ২৬.০৬.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৫.০৬.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ১৮.০৬.২০২৬ এবং ১৯.০৬.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ০৭.০৫.২০২৬ (প্রতীকী দখল) |
| ৬. | **লোন অ্যাকাউন্ট নম্বর: X0HEANO00003397502 এবং HE01ANO00000050364 এবং X0HEANO00003247479**<br>**ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা:**<br>**১. রূপা মজুমদার**<br>কল্যাণগ্রাম-৪, পোঃ আছরা, থানা-সালানপুর, ঘিয়াডোবা, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩৩৫<br>**২. কৃশানু মজুমদার,**<br>কল্যাণগ্রাম-৪, পোঃ আছরা, থানা-সালানপুর, ঘিয়াডোবা, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩৩৫<br>**৩. মেসার্স লাইফ কেয়ার,** কল্যাণগ্রাম-৪, পোঃ আছরা, থানা-সালানপুর, ঘিয়াডোবা, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩৩৫ | ১৮.০২.২০২৬<br>₹৪৫,৯০,১৮০.০০ ১৮.০২.২০২৬ তারিখ অনুসারে | কাঠামো সহ ১৬.৫ ডেসিমেল জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, আর এস প্লট নং ৬৩৭ এবং ৬৪৩, এল আর খতিয়ান নং ৩৯৭, সংযুক্ত ৮৪৯, জে এল নং ৪২, মৌজা-ঘিয়াডোবা, থানা সালানপুর, কল্যাণগড় রোড, জিতপুর উত্তরামপুর গ্রাম পঞ্চায়েতের অধীন, জেলা পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩৩৫। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- প্লট নং ৬৪৪; দক্ষিণ- প্লট নং ৬৪৩; পূর্ব- রূপা মজুমদারের জমি; পশ্চিম- প্লট নং ৬৩৭। | ক) ₹৫৮,০০,০০০.০০<br>খ) ₹৫,৮০,০০০.০০<br>গ) ₹৫০,০০০.০০ | ক) ২৬.০৬.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ১টা) (প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)<br>খ) ২৫.০৬.২০২৬ (বিকেল ৫টা পর্যন্ত)<br>গ) ১৮.০৬.২০২৬ এবং ১৯.০৬.২০২৬ (সকাল ১০টা থেকে দুপুর ১টা)<br>ঘ) ০৪.০৫.২০২৬ (প্রতীকী দখল) |

১. সকল আগ্রহী অংশগ্রহণকারী/ বিডারকে অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা এই ব্যক্তিগণের সঙ্গে যোগাযোগ করেন: **মিঃ প্রকাশ ভার্মা (অনুমোদিত আধিকারিক): মোবাইল নং: ৯৯৮১৩ ৪৩১৯১ এবং মিঃ শুভ্রাংশু রক্ষিত, মোবাইল নং: ৯৬৭৪৪ ৫৮৫৫৫; ওয়েবসাইট: https://bankauctions.in/ এবং https://cholamandalam.com/news/auction-notices.**
বিশদ তথ্য ও সহায়তার দরকার হলে সম্ভাব্য বিডাররা এখানে যোগাযোগ করতে পারেন: **মিঃ মুহাম্মদ রহিস, মোবাইল: ৮১২৪০ ০০০৩০/ ৬৩৭৪৮ ৪৫৬১৬;**
ই-মেল আইডি: **CholaAuctionLAP@chola.murugappa.com**। শুধুমাত্র ই-নিলামের প্রশিক্ষণ নেওয়ার জন্য যোগাযোগ: মেসার্স ৪ক্লোজার; রেখা: ৮১৪২০ ০০০৬২।
২. শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে এবং ই-নিলামে অংশ নিতে অনুগ্রহপূর্বক **https://bankauctions.in/** এবং **https://cholamandalam.com/news/auction-notices** দেখুন।

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) অধীনে এটি একটি ৩০ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪.০৫.২০২৬
স্থান: কলকাতা (পশ্চিমবঙ্গ)
অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড